



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
www.bb.org.bd

সুপারভাইজরি পলিসি এন্ড কোঅর্ডিনেশন ডিপার্টমেন্ট

এসপিসিডি সার্কুলার নং-০৬

২৩ মে ২০২৬  
তারিখ : -----  
০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**শেয়ারের বিপরীতে লভ্যাংশ ঘোষণার নীতিমালা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১৩ মার্চ ২০২৫ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০১ এবং একই বিষয়ে ১৫ মার্চ ২০২৬ তারিখের এসপিসিডি সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দেশের ব্যাংক খাতের সার্বিক পরিস্থিতি, আমানতকারীদের স্বার্থ সুরক্ষা, ব্যাংকসমূহের আর্থিক সক্ষমতা এবং ব্যাংকের শেয়ারে বিনিয়োগকারীদের রিটার্নের বিষয়টি বিবেচনা করে ডিওএস সার্কুলার নং-০১/২০২৫ এর মাধ্যমে লভ্যাংশ বিতরণ সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। উক্ত সার্কুলারের ০২(ক) নং অনুচ্ছেদে লভ্যাংশ বিতরণের জন্য ব্যাংক কর্তৃক অত্যাবশ্যকীয়ভাবে পরিপালনীয় শর্তাবলী এবং ০৩ নং অনুচ্ছেদে ব্যাংকসমূহের ক্যাপিটাল কনজারভেশন বাফারসহ ন্যূনতম মূলধন সংরক্ষণ হারের ভিত্তিতে নগদ/স্টক লভ্যাংশ প্রদানের সীমা ও সর্বোচ্চ Dividend Payout Ratio নির্ধারণ সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। বর্তমান বৈশ্বিক ও অভ্যন্তরীণ অর্থনৈতিক পরিস্থিতিতে ব্যাংকসমূহের ভবিষ্যত ঝুঁকি মোকাবেলার সক্ষমতা বৃদ্ধি এবং ব্যাংকিং খাতের সার্বিক মূলধন ভিত্তি সুদৃঢ়করণের লক্ষ্যে ব্যাংকসমূহের লভ্যাংশ ঘোষণার ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলোঃ

- (ক) ব্যাংকের পরিশোধিত মূলধনের (Paid Up Capital) পরিমাণ ২,০০০ (দুই হাজার) কোটি টাকার কম থাকলে কোনো প্রকার নগদ লভ্যাংশ প্রদান করা যাবে না;
- (খ) সকল নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক নগদ লভ্যাংশ প্রদানে সক্ষম ব্যাংকসমূহ তাদের ঘোষিত মোট লভ্যাংশের সর্বোচ্চ ৫০% পর্যন্ত নগদ লভ্যাংশ হিসেবে প্রদান করতে পারবে।

০৪। এ নির্দেশনা ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখে সমাপ্ত বছর এবং তৎপরবর্তী বছরসমূহের লভ্যাংশ ঘোষণার ক্ষেত্রে কার্যকর হবে।

০৫। ১৩ মার্চ ২০২৫ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০১ এবং এতদসূত্রে জারিকৃত অন্যান্য সার্কুলারের সকল নির্দেশনা যথারীতি কার্যকর থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আবদুর রব)  
পরিচালক (এসপিসিডি)  
ফোন : ৯৫৩০১৭৩